টিবি শনাক্তে ঘাটতি মোকাবিলায় ৬ লাখ কিট সহায়তা যুক্তরাষ্ট্রের



স্বাস্থ্যমন্ত্রী সরদার মোহাম্মদ সাখাওয়াত হোসেন বকুলের হাতে যক্ষ্মা পরীক্ষার কিট তুলে দেন মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন

বাংলাদেশে যক্ষ্মা শনাক্তকরণ ও চিকিৎসা জোরদারে সহায়তা হিসেবে যুক্তরাষ্ট্র সরকার ৬ লাখ জিনএক্সপার্ট টেস্ট কিট এবং ১১ হাজার শিশুর টিবি ওষুধ দিয়েছে।

বৃহস্পতিবার (৩০ এপ্রিল) রাজধানীর শ্যামলীতে ২৫০ শয্যাবিশিষ্ট টিবি হাসপাতালে আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী সরদার মোহাম্মদ সাখাওয়াত হোসেন বকুলের কাছে এই সহায়তা হস্তান্তর করেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেন। এ সময় স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. প্রভাত চন্দ্র বিশ্বাসসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

এই সহায়তা দেশে টিবি পরীক্ষার সরঞ্জামের ঘাটতি মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে সংশ্লিষ্টরা জানান। পাশাপাশি, যুক্তরাষ্ট্রের নতুন পাঁচ বছর মেয়াদি স্বাস্থ্য সহযোগিতা কাঠামোর আওতায় বৈশ্বিক স্বাস্থ্য নিরাপত্তা জোরদারে তাদের অঙ্গীকারও এতে প্রতিফলিত হয়েছে।

LENS ASIA